ভোরের কাগজ

তারিখ 16 OCT 2002
পৃষ্ঠা ... কলাম ...



*শোকাবহ অক্টোবর দিবস উপলক্ষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের স্মৃতিস্তম্ভে শ্রদ্ধাঞ্জলি নিবেদন*

*—ভোরের কাগজ*

### জগন্নাথ হল ট্রাজেডি

# ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবসে শ্রদ্ধা নিবেদন

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** যথাযথ ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস পালিত হয়েছে। ১৯৮৫ সালের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হল টিভি রুমের ছাদ ভেঙে মর্মান্তিকভাবে নিহত ছাত্র, কর্মচারী ও আত্মীয়দের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতি বছরে ১৫ অক্টোবর শোক দিবস হিসেবে পালন করে আসছে।

শোক দিবসে ১৫ অক্টোবর রাতে নিহত শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে অক্টোবর শহীদ স্মৃতি বেদিতে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন ছাত্র সংগঠন পুষ্পার্ঘ্য অর্পণ করেছে। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত বিভিন্ন

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৬

## ঢাকা বিশ্ববিদ্যালয়

● শেষের পাতার পর

কর্মসূচি পালিত হয়েছে। সকাল সাড়ে ৬টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীরা অপরাজেয় বাংলার পাদদেশে মিলিত হয়ে সেখান থেকে একটি শোক র‍্যালি নিয়ে জগন্নাথ হল স্মৃতিস্তম্ভে পুষ্পার্ঘ্য অর্পণ করে। বিভিন্ন হল এবং ছাত্র সংগঠনের পক্ষ থেকেও পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। বাংলাদেশ ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্ট, ছাত্রমৈত্রী, ছাত্র ফেডারেশন, জাসদ ছাত্রলীগ এবং বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি অক্টোবর স্মৃতি বেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে। এছাড়া সকাল ৮টায় হল মন্দিরে হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান সম্প্রদায়ের পক্ষ থেকে এক প্রার্থনা সভার আয়োজন করা হয়। সাড়ে ৯টায় দিনব্যাপী নিহতদের স্মরণে তৈল চিত্র প্রদর্শন করা হয়। বাদ আসর কেন্দ্রীয় মসজিদসহ সকল হল মসজিদে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

প্রসঙ্গত, ১৯৮৫ সালের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হল টিভিরুমে বসে ছাত্র, কর্মচারী ও অতিথিরা যখন টিভিতে ধারাবাহিক নাটক শুকতারা দেখছিলেন তখন টিভিরুম ধসে গিয়ে ৩৯ জন ছাত্র, কর্মচারী ও আত্মীয়ের মর্মান্তিক মৃত্যু হয়।